**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 20-11-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Opening Announcement-**

আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

১/ রুগ্ন শিল্প সংস্থাগুলিকে চাঙ্গা করে তুলতে ঋণদান প্রক্রিয়া আরো মসৃণ করতে রাজ্য সরকার ওয়েব ভিত্তিক লোন ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করেছে।

২/ উত্তরবঙ্গের তিন জেলায় বাগিচা শ্রমিকদের ২০ কোটী টাকার'ও বেশী ভবিষ্যনিধি বকেয়া থাকায় ২১ জন চাবাগান মালিকের বিরুদ্ধে FIR দায়ের করা হয়েছে।

৩/ আমদানি বাড়তে শুরু করায় রাজ্যের খুচরো বাজারে পেঁয়াজের দাম কয়েক দিনের মধ্যেই কমবে বলে টাস্ক ফোর্স আশ্বাস দিয়েছে।

৪/ বীরসা মুন্ডার ১৫০-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাজ্যের ১৫ টি জেলার ১০২ টি ব্লকে আজ শুরু হচ্ছে 'জয় জোহার' মেলা।

৫/ উত্তরবঙ্গ মেডিকেল কলেজে থ্রেট কালচারে অভিযুক্ত পাঁচ পড়ুয়ার সাসপেনশনের ওপর কলকাতা হাইকোর্টের স্থগিতাদেশের প্রেক্ষিতে আজ থেকে তারা ক্লাস করতে পারবেন।

৬/ গোয়ার পানাজিতে আজ শুরু হচ্ছে ৫৫-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব।

৭/ সন্তোষ ট্রফি ফুটবলে বাংলা আজ গ্রুপ পর্বের ম্যাচে বিহারের বিরূদ্ধে খেলবে।

*************************************************************************

রুগ্ন শিল্প সংস্থাগুলিকে চাঙ্গা করে তোলার জন্য ঋণ দান প্রক্রিয়া আরও মসৃণ করে তুলতে রাজ্য সরকার ওয়েব ভিত্তিক একটি 'লোন ম্যানেজমেন্ট সফটওয়্যার' চালু করেছে।

তথ্য প্রযুক্তি দপ্তরের মন্ত্রী বাবুল সুপ্রিয় গতকাল কলকাতার শিল্পসদনে আয়োজিত এক অনুষ্ঠানে এই সফটওয়্যারের সূচনা করেন। এর মাধ্যমে রুগ্ন শিল্প সংস্থাগুলিকে ঋণ দেওয়ার জন্যে অনলাইনে NOC প্রদান, ঋণের জন্যে আবেদন করা সংস্থাগুলিকে তাদের বর্তমান স্ট্যাটাস জানানো সহ বিভিন্ন কাজ করা হবে। এর ফলে সমস্ত রকমের 'স্বচ্ছতা' বজায় রাখা সম্ভব হবে বলে রাজ্যের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে।

***********************

উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার সহ তিন জেলায় বাগিচা শ্রমিকদের ভবিষ্যনিধি বকেয়ার পরিমাণ ২০ কোটি টাকার বেশি বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে। এই কারণে ২১ জন চা বাগান মালিকের বিরুদ্ধে FIR দায়ের করা হয়েছে। এই তিন জেলায় পিএফ খাতে মোট ৪১ কোটি টাকা বকেয়া থাকায় ২৫ টি পিএফ অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা হয়েছে। ২৭ জনের বিরুদ্ধে দায়ের হয়েছে এফআইআর ।

চা বাগানের শ্রমিকদের বকেয়া প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে আলিপুর দুয়ারের সাংসদ মনোজ টিজ্ঞা গতকাল জলপাইগুড়িতে PF কমিশনারের সঙ্গে এক বৈঠক করেন। দিনবাজারের ভবিষ্যনিধি ভবনে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, বহু চা বাগানের মালিক, শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে জমা রাখার জন্য ১২ শতাংশ টাকা কেটে নিলেও শ্রমিকদের আকাউন্টে জমা দেয়নি। এই নিয়ে ক্ষোভ প্রকাশ করে কোন্ মালিক কত টাকা জমা দেননি, PF কমিশনারের কাছে সেই তালিকাও চান মনোজ টিজ্ঞা। এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি।

***********************

আবাস প্রকল্পে চূড়ান্ত তালিকা তৈরি করে টাকা ছাড়ার নির্ধারিত সময়সীমা কিছুটা বাড়ানো হল। এর আগে বিশে ডিসেম্বর সেই সময়সীমা শেষ হবার কথা ছিল । এখন

তা তিনদিন বাড়িয়ে **২৩ ডিসেম্বরের মধ্যে** টাকা ছাড়ার জন্য তৈরি থাকতে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আবাস প্রকল্পের সমীক্ষার কাজ ১৪ নভেম্বর শেষ করার কথা ছিল। সে জায়গায় তা শেষ হয়েছে ১৮ নভেম্বর। ফলে সম্পূর্ণ প্রক্রিয়াই কিছুটা পিছিয়ে গিয়েছে। তাই জেলা প্রশাসনকে টাকা দেওয়ার ক্ষেত্রে আরও তিনদিন সময় দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

*************************

'জাতীয় পরিবেশ আদালতে'র আদেশে পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন মন্দারমণি ও সংলগ্ন সমুদ্র সৈকতে গড়ে ওঠা রিসর্ট, হোটেলগুলি ভেঙে ফেলার নির্দেশ দিলেও সেখানে কোন বুলডোজার চলবে না বলে রাজ্য প্রশাসন স্পষ্ট জানিয়েছে।
নবান্ন সূত্রে জানা গেছে, মুখ্যসচিব মনোজ পন্থ-এর সঙ্গে কোনরকম আলোচনা না করেই জেলা প্রশাসন এই নির্দেশ দেওয়ায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অসন্তুষ্ট। একতরফাভাবে জেলা প্রশাসন কিভাবে এই সিদ্ধান্ত নিল, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে জেলা প্রশাসনকে সেই সিদ্ধান্ত প্রত্যাহার করতে বলেছেন মমতা।

উল্লেখ্য, উপকূল আইন ভেঙে মন্দারমণিতে সমুদ্র সৈকতে হোটেল, রিসর্ট গড়ে ওঠা সংক্রান্ত এক মামলার প্রেক্ষিতে জাতীয় পরিবেশ আদালত ১৪০টি হোটেল, রিসর্ট, হোম-স্টে ভেঙে ফেলার নির্দেশ দেয়। জেলা প্রশাসন, ইতমধ্যেই ৩০ টি হোটেল চিহ্নিত'ও করেছে।
প্রশাসনের এই সিদ্ধান্তে বিপাকে পড়েন স্থানীয় ব্যবসায়ীরা। হাইকোর্টের দ্বারস্থ হন তারা।

*************************

আমদানি বাড়তে শুরু করায় খুচরো বাজারে পেঁয়াজের দাম আগামী কয়েকদিনের মধ্যেই কমবে বলে রাজ্য সরকার নিযুক্ত টাস্ক ফোর্স  আশ্বাস দিয়েছে। একই সঙ্গে আলু ও শীতের সব্জির যোগান বাড়তে শুরু করায়, সেগুলির দাম'ও নিয়ন্ত্রণে আসবে বলে আশা করা হচ্ছে। টাস্ক ফোর্সের সদস্যরা গতকাল মানিকতলা, বাগমারি এবং

গুরুদাসপুর- কলকাতার এই তিনটি বাজার পরিদর্শন করেন। কথা বলেন সেখানেকার ব্যবসায়ী ও সাধারণ ক্রেতাদের সঙ্গেও।

টাস্ক ফোর্সের অন্যতম সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, আগামী তিন-চার দিনের মধ্যে সব বাজারেই কম দামে পেঁয়াজ ঢুকবে। অনেক বাজারেই এখনও নতুন আলু আসেনি। ফলে ব্যবসায়ীরা ৩০-৩২ টাকা কেজি দরে আলু কিনছেন। কিন্তু কিছু দিনের মধ্যেই পরিস্থিতি পাল্টাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

************************

বীরসা মুন্ডার ১৫০-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাজ্যের আদিবাসী প্রধান ব্লকগুলিতে আজ শুরু হচ্ছে ‘জয় জোহার’ মেলা।

পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, দুই বর্ধমান, হুগলী, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, দক্ষিণ দিনাজপুর, মালদা, জলপাইগুড়ি, দার্জিলিং ও আলিপুরদুয়ার- এই ১৫ টি জেলার ১০২ টি ব্লকে আগামীকাল পর্যন্ত মেলা চলবে।

আদিবাসী মানুষদের নাচ, গান ও শিল্প সংস্কৃতির প্রচার ও প্রসারের পাশাপাশি বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধেও প্রদান করা হবে এই মেলায়।

************************

RG Kar-এর পর এবার উত্তরবঙ্গ মেডিকেল কলেজে থ্রেট কালচারে অভিযুক্ত পাঁচ পড়ুয়ার সাসপেনশনের ওপর এবার কলকাতা হাইকোর্ট স্থগিতাদেশ দিয়েছে। বিচারপতি জয় সেনগুপ্ত গতকাল আবেদনকারীদের সাময়িক স্বস্তি দিয়ে বলেন, আপাতত ক্লাস করা ও পরীক্ষার ক্ষেত্রে কোনো বাধা থাকছে না, তবে অন্য কোনো কাজে তাঁরা কলেজে যেতে পারবেন না। এই নির্দেশের ফলে আজ থেকে ওই পড়ুয়ারা ক্লাস করতে পারবেন। বসতে পারবেন পরীক্ষাতেও। সাসপেন্ড হওয়া ওই পাচ ছাত্রের হয়ে আদালতে মামলা লড়েন তৃণমূল কংগ্রেস সাংসদ আইনজীবি কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, অ্যান্টি র‍্যাগিং কমিটির মতামত না নিয়েই সাসপেনশনের এই সিদ্ধান্ত। কিন্তু পড়ুয়াদের সাসপেন্ড করার ক্ষমতা কলেজ কাউন্সিলের নেই। তা’ করতে পারে শুধুমাত্র অ্যাকাডেমিক কাউন্সিল।

উল্লেখ্য, এর আগে বর্ধমান মেডিক্যাল কলেজের সাত ডাক্তারি ছাত্রকে'ও সাসপেন্ড করে কলেজ কর্তৃপক্ষ। তাঁদের হস্টেলে ঢোকাও নিষিদ্ধ করা হয়। ওই মামলাতেও গত ৮'ই নভেম্বর বিচারপতি জয় সেনগুপ্ত পড়ুয়াদের ক্লাস করার নির্দেশ দেন।

এদিকে, RG Kar হাসপাতালে চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় শিয়ালদা আদালতে বিচার প্রক্রিয়া চলেছে। গতকাল দুই পুলিশ আধিকারিক ও এক চিকিৎসকের সাক্ষ্য গ্রহণ করা হয়। এই দুই পুলিশ আধিকারিক'ই ৯'ই আগস্ট রাতে ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রাই-কে গ্রেপ্তার করেছিলেন। অন্যদিকে, সাক্ষ্য দেওয়া চিকিৎসক ছিলেন তদন্তের সময়।

উল্লেখ্য, গত ১১-ই নভেম্বর এই মামলার বিচার প্রক্রিয়া শুরু হয়েছে। শুনানি চলছে রোজই।

************************

মালদার মানিকচকে বিজেপি কার্যালয়ে দলীয় নেতৃত্বের উপস্থিতিতে পঞ্চায়েত সদস্যের ওপর হামলার অভিযোগ উঠেছে পঞ্চায়েত প্রধান ও তাঁর সঙ্গীদের বিরুদ্ধে। গতরাতের এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। আক্রান্ত পঞ্চায়েত সদস্যা প্রতিমা মন্ডল মাণিকচক হাসপাতালে চিকিতসাধীন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, দক্ষিণ চন্ডীপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান শক্তি মন্ডলের বিরুদ্ধে বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ দায়ের করেন ওই পঞ্চায়েত সদস্যা ও তাঁর ছেলে বঙ্কিম। এই নিয়ে মানিকচকে বিজেপি কার্যালয়ে দলীয় নেতৃত্বের নির্দেশ অনুসারে একটি সভা ডাকা হয়। গতকাল ওই সভা চলাকালীনই পঞ্চায়েত প্রধান ও তাঁর অনুগামীরা প্রতিমা দেবীর ওপির চড়াও হন বলে অভিযোগ। মাকে বাঁচাতে গেলে ছেলেকেও মারধোর করা হয়।

************************

হিংসা এবং দুর্নীতির বিষ থেকে রাজ্যকে মুক্ত করতে তিনি নিরন্তর প্রয়াস চালিয়ে যাবেন বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন। পশ্চিমবঙ্গের রাজ্যপাল পদে

দুবছর পূর্তি উপলক্ষ্যে সিভি আনন্দ বোস গতকাল রাজভবনে এক সাংবাদিক বৈঠক করেন। এই দু'বছরে রাজয়ের সার্বিক উন্নয়নে রাজভবন গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন তিনি।

************************

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে গোয়ার পানাজিতে শ্যামাপ্রসাদ মুখার্জী স্টেডিয়ামে আজ শুরু হতে চলেছে ৫৫-তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি।

( থিম সং )

তারকাখচিত উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে বিকেল ৫ টায়। ভারতীয় অভিনেতা অভিষেক ব্যানার্জী এবং ভূমি পেডনেকার, অনুষ্ঠান পরিচালনা করবেন। আকাশবাণীর সঙ্গে একান্ত সাক্ষাতকারে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু বলেন, উদ্বোধনী অনুষ্ঠান মঞ্চ থেকেই প্রসার ভারতীর ওটিটির সূচনা হবে। এ বছর উৎসবের ফোকাস কান্ট্রি- অস্ট্রেলিয়া।

গোয়া আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এবার বাংলা থেকে তিনটি ছবি নির্বাচিত হয়েছে। দুই তরুণ পরিচালক সৌকর্য ঘোষালের 'ভুতপরী' ও সৌরভ পালোধীর 'অংক কি কঠিন' ছবি দুটি প্রতিযোগিতা বিভাগে এবং শিবপ্রসাদ ও নন্দিতা রায় পরিচালিত 'আমার বস' ছবিটি ইন্ডিয়ান প্যানোরামা বিভাগে দেখানো হবে।

দুই তরুণ পরিচালকের মধ্যে কলকাতায় ইতমধ্যেই মুক্তি পাওয়া "ভুত পরী" ছবির পরিচালক সৌকর্য জাতীয় চলচ্চিত্র উৎসবে সুযোগ পাওয়ায় খুবই উচ্ছ্বসিত। আকাশবাণীকে তিনি বলেন, বর্তমানে ভূত নিয়ে বাংলা ছবিতে পাশ্চাত্যের অনুকরণ বেশি দেখতে পাওয়া যায়, এই ছবিতে তিনি ভারতীয় চিন্তাধারাকে ধরার চেষ্টা করেছেন।

(বাইট- সৌকর্য ঘোষাল )

অপর দিকে "অংক কি কঠিন" ছবির পরিচালক সৌরভ পালধী চান প্রেক্ষাগৃহে এসে মানুষ ছবিটা দেখুন।

( বাইট- সৌরভ পালধী )

************************

উত্তর ২৪ পরগণার গাইঘাটা এলাকা থেকে BSF ৫ কোটি টাকার সোনাসহ এক সিভিল ইঞ্জিনিয়ারকে আটক করেছে। গত সোমবার তেঁতুলবেরিয়া ফাঁড়ির জওয়ানরা খবর পেয়ে আচলপাড়া গ্রামে যেতেই, অরিজিত বিশ্বাস নামে ঐ ব্যাক্তি বাড়ির পেছন দিক দিয়ে পালানোর চেষ্টা করেন| জওয়ানেরা তাকে আটকাতে শূন্যে গুলি চালালে পাচারকারী আতঙ্কিত হয়ে দাঁড়িয়ে পড়ে। তাকে আটক করে তল্লাশি চালিয়ে ৫০ টি সোনার বিস্কুট উদ্ধার করা হয়। যার ওজন প্রায় ছয় কেজি এবং ভারতীয় বাজার মূল্য প্রায় পাঁচ কোটি টাকা।

তদন্তের জন্য তাকে তেঁতুলবেড়িয়া সীমান্ত ফাঁড়িতে নিয়ে যাওয়া হয়। এরপর BSF ধৃতকে সোনা সহ কলকাতার রাজস্ব গোয়েন্দা দপ্তরের হাতে তুলে দেয়।

************************

বর্ধমানের গোপালনগর এলাকায় বাড়িতে মজুত করে চোলাই মদ বিক্রির অভিযোগে এক মহিলাকে গ্রেপ্তার করেছে পুলিশ। ছবি রায় নামে ওই মহিলার বাড়ি থেকে উদ্ধার হয়েছে ২০ লিটার চোলাই মদ। বাজেয়াপ্ত হওয়া চোলাই, নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

এদিকে, কোচবিহারের তুফানগঞ্জের বারো কোদালি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের ভেন্ডিজেলাস এলাকায় গতকাল চোলাই মদ খেয়ে বছর ৫৫-র চক্রধর মান্তা নামে এক ইটভাটার শ্রমিকের মৃত্যু হয়। গুরুতর অসুস্থ হন চিরঞ্জিত বর্মন নামে বছর ২৬-এর এক শ্রমিক'ও।

************************

কল্যাণী স্টেডিয়ামে আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে বাংলা গ্রুপ পর্বের ম্যাচে বিহারের বিরূদ্ধে খেলবে।

প্রথম ম্যাচে বাংলা, ঝাড়খণ্ডকে ৪-০ এবং দ্বিতীয় ম্যাচে উত্তর প্রদেশকে ৭-০ গোলে হারিয়ে মূল পর্বে ওঠার পথে একধাপ এগিয়ে রয়েছে।

বিহারের বিরূদ্ধে ড্র করলে বাংলা মূল পর্বে ছাড়পত্র আদায় করতে পারবে।

*****************************************************************